# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 17-01-2025** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসক পড়ুয়াকে ধর্ষণ হত্যা মামালার রায় আগামীকাল ঘোষণা করা হবে।

২) হুগলীর গুড়াপে নাবালিকাকে ধর্ষণ ও খুনের ঘটনায় চুঁচুড়ার পকসো আদালত অভিযুক্তের ফাঁসির আদেশ দিয়েছে।

৩) মেদিনীপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে প্রসূতি মৃত্যুর অভিযোগে সাসপেন্ড হওয়া ১২ জনের বিরুদ্ধে কর্তৃপক্ষ থানায় এফআইআর দায়ের করেছে।

চিকিৎকদের সংগঠন সার্ভিস ডক্টর্স ফোরাম ঐ ঘটনায় রাজ্যপাল সি ভি আনন্দ বোসের কাছে বিচার বিভাগীয় তদন্তের দাবি জানিয়েছে।

৪) মালদার কালিয়াচকে গত মঙ্গলবার দুষ্কৃতী হামলায় নিহত তৃণমূল কংগ্রেস কর্মীর খুনের ঘটনায় পুলিশ মূল অভিযুক্ত জাকির শেখকে গ্রেপ্তার করেছে।

৫) কলকাতার গার্ডেনরিচ জল প্রকল্পের কাজের জন্য আগামীকাল কলকাতা পুরসভার সংযোজিত এলাকা সহ দক্ষিণ কলকাতার প্রায় সব অংশেই জল সরবরাহ বন্ধ থাকবে।

৬) আইএসএল ফুটবল প্রতিযোগিতায় মোহনবাগান সুপারজায়ান্ট, জামশেদপুর এফসির মুখোমুখি হয়েছে।

------------------------------------------------------------------------------------------

আরজি কর মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসক পড়ুয়াকে ধর্ষন-হত্যা মামলার বহু প্রতিক্ষিত রায় ঘোষণা হবে আগামী কাল। দুপুরে শিয়ালদা আদালতে অতিরিক্ত মুখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেটের এজলাসে ওই মামলার রায় ঘোষণা করা হবে। মামলায় মূল অভিযুক্ত সিভিক ভলান্টিয়ার সঞ্জয় রায়ের পরিণতি কি হবে তা জানতে এরাজ্যের পাশাপাশি সারা দেশের মানুষেরই কৌতুহল রয়েছে। উল্লেখ্য গত বছরের ৯ আগস্ট আরজি করে ওই নৃশংস ঘটনা ঘটে। পাঁচ মাস তদন্ত ও মমলা চলার পর নিম্ন আদালতে রায় ঘোষণা হচ্ছে।

-----------------

হুগলির গুড়াপে এক নাবালিকা কে ধর্ষন করে খুন করার ঘটনায় অভিযুক্তকে চুঁচুড়া পকসো আদালত , ফাঁসির আদেশ দিয়েছে।ঘটনার তদন্তে ২৭ জনের সাক্ষ্য গ্রহণ করা হয়। অশোক সিংহকে দোষী সাব্যস্ত করে আজ ৫৪ দিনের মাথায় ফাঁসির সাজা ঘোষণা করে আদালত।

উল্লেখ্য, গত ২৪ নভেম্বর মেয়েটির বাবা দোকানে গেলে সেই সুযোগে চকলেট খাওয়ানোর প্রলোভন দেখিয়ে অভিযুক্ত অশোক সিং পাঁচ বছরের ঐ নাবালিকাকে বাড়িতে নিয়ে যায়। এরপরে তাকে ধর্ষণ করে বলে অভিযোগ। দোকান থেকে ফিরে বাবা মেয়েটিকে বাড়িতে না পেয়ে প্রতিবেশীদের সঙ্গে খোঁজাখুঁজি শুরু করেন। পরে

অভিযুক্তর বাড়িতে মেয়েটিকে রক্তাক্ত অবস্থায় পাওয়া যায়। পরে ধনিয়াখালি হাসপাতালে নিয়ে গেলে নাবালিকাকে মৃত বলে ঘোষনা করা হয়।

এই ঘটনার ৫৪ দিনের মধ্যে আদালত সাজা ঘোষণা করায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সন্তোষ প্রকাশ করেছেন। আজ এক্স হ্যান্ডেলে তিনি অভিযুক্তকে দ্রুত অপরাধী প্রমান করায় হুগলি জেলার গ্রামীন পুলিশ কর্মী ও আধিকারিকদের অভিনন্দন জানিয়েছেন।

-----------------

মেদিনীপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে প্রসূতি মৃত্যুর অভিযোগ খতিয়ে দেখতে সিআইডির ১০ সদস্যের একটি দল আজ মেদিনীপুরের কোতোয়ালি থানায় যায়। সেখানে কথাবার্তার পর প্রথমে তারা যান জেলা স্বাস্থ্য ভবন এবং পরে হাসপাতালের মেডিকেল সুপারের অফিসে। এরপর হাসপাতালের অধ্যক্ষের কার্যালেয় গিয়ে তাঁরা বিভিন্ন নথিপত্র খতিয়ে দেখেন।

এদিকে, উদ্ভূত পরিস্থিতির প্রেক্ষিতে ঐ হাসপাতালের জুনিয়ার চিকিৎসকরা আজ এক বৈঠকে বসেছেন। সেখানে নিজেদের মধ্যে আলাপ আলোচনার পরই পরবর্তী কর্মপন্থা স্থির করা হবে বলে জানিয়েছেন তাঁরা। ঐ হাসপাতালের ১২ জন চিকিৎসককে সাসপেন্ড করার সরকারি সিদ্ধান্তের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে জুনিয়ার চিকিৎসকেরা আজ থেকে সম্পূর্ণ কর্ম বিরতির ডাক দিলেও আপাতত তা কার্যকর হয়নি। সাসাপেন্ড হওয়া ১২ জনের বিরুদ্ধে চিকিৎসায় গাফিলতির অভিযোগ জানিয়ে কর্তৃপক্ষ থানায় এফআইআর দায়ের করা হয়েছে।

অন্যদিকে, চিকিৎসকদের সংগঠন সার্ভিস ডক্টর্স ফোরাম ঐ ঘটনায় রাজ্যপাল সি ভি আনন্দ বোসের কাছে বিচার বিভাগীয় তদন্তের দাবি জানিয়েছে। রাজ্যপালের কাছে পাঠানো এক ইমেইলে সংগঠনের পক্ষে অভিযোগ করা হয়েছে, ময়নাতদন্তের রিপোর্টে স্যালাইন অথবা বিষক্রীয়ার কারনেই প্রসূতীর মৃত্যু হয়েছে বলে উল্লেখ থাকলেও রাজ্য সরকার দায় এড়াতে চিকিৎসকদের উপরেই তা চাপিয়ে দিচ্ছে। চিকিৎসকদের সাসপেন্ড করে ঘটনার প্রকৃত কারণ ঘুরিয়ে দেওয়ার চেষ্টা হচ্ছে বলেও মেইলে উল্লেখ করা হয়েছে।

----------------

বিজেপি মেদিনীপুর মেডিকেল কলেজে ১২জন ডাক্তারের সাসপেনশন অবিলম্বে প্রত্যাহারের দাবি জানিয়েছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন,বিজেপি এই সাসপেনশনের বিরোধী।

বাইট

চিকিৎসকদের কর্তব্যে অবহেলা শব্দ ব্যবহার করা হচ্ছে কেন বিরোধী দলনেতা সেবিষয়ে প্রশ্ন তোলেন। তাঁর অভিযোগ, মুখ্যমন্ত্রী আরজিকরে জুনিয়র ডাক্তারদের আন্দোলনের বিরুদ্ধে প্রতিহিংসা পরায়ন হয়ে এই পদক্ষেপ নিয়েছেন।

----------------

বর্ধমানের মানকর গ্রামীণ হাসপাতালের কোয়ার্টারে আজ দুপুরে দুই দুষ্কৃতী ঢুকে এক মহিলা কর্মীর গলায় ধারালো অস্ত্রের কোপ মেরে পালিয়ে যায়। গুরুতর আহত গ্রুপ ডি কর্মী দীপ্তিকনা চৌধুরীকে মানকর গ্রামীন হাসপাতালে ভর্তি করা হয়।পরে তাকে বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়। এই ঘটনায় হাসপাতালের

অন্যান্য কর্মী,  নার্স ও চিকিৎসকরা আতঙ্কিত। হাসপাতালের নিরাপত্তার অভাব নিয়েও তারা ক্ষোভ  প্রকাশ করেছেন।

----------------

বিভিন্ন সরকারি হাসপাতালের নার্সদের বিরুদ্ধে রোগী এবং তাঁর পরিবারের সঙ্গে দুর্ব্যবহারের অভিযোগের প্রেক্ষিতে রাজ্যের স্বাস্থ্য দফতর তাদের সতর্ক করেছে। দফতরের এক নির্দেশিকায় বলা হয়েছে, স্বাস্থ্য পরিষেবার অন্যতম শক্তিশালী স্তম্ভ এই সেবিকারা। ফ্লোরেন্স নাইটিঙ্গলের নামে শপথ নিয়ে তাদের নার্স হতে হয়। ভাল আচরণ ও কথাবার্তা, সহানুভূতিশীল ব্যবহার, এবং রোগীর চিকিৎসায় নিজেকে উৎসর্গ করে শৃঙ্খলা রক্ষা এই চারটি বিষয় সবসময় তাদের মাথায় রাখা উচিত।  কিন্তু তার ব্যতিক্রম ঘটছে, যা রোগী বা তাঁর পরিবারের কাঙ্ক্ষিত নয়।  এব্যাপারে পরবর্তীকালে কোনো অভিযোগ পেলে তাদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ গ্রহণেরও হুঁশিয়ারি দেওয়া হয়েছে স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে।

----------------

মালদার কালিয়াচকে গত মঙ্গলবার দুষ্কৃতী হামলায় এক তৃণমূল কংগ্রেস কর্মী খুনের ঘটনায় পুলিশ মূল অভিযুক্ত জাকির শেখকে গ্রেপ্তার করেছে। পুলিশ আজ সন্ধ্যায় যদুপুরের ৩৪ নম্বর জাতীয় সড়কের কাছ থেকে গ্রেপ্তার করে জাকিরকে। তাকে এখন জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। ঐ ঘটনায় মৃত্যু হয় তৃণমূল কংগ্রেস কর্মী হাসা শেখের। গুরুতর আহত দলের অঞ্চল সভাপতি বকুল শেখ এখনও মালদা হাসপাতালে চিকিৎসাধীন।

এদিকে, এই ঘটনার পর রাজ্য পুলিশের মহানির্দেশক রাজীব কুমার আজ জেলায় গিয়ে আইনশৃঙ্খলা পরিস্থিতি খতিয়ে দেখেন। বৈঠক করেন জেলা পুলিশের পদস্থ কর্তাদের সঙ্গে। তারপরই জাকির শেখের এই গ্রেপ্তার।

এছাড়াও রাজীব কুমার ইংরেজবাজারে গত দোসরা জানুয়ারি দুষ্কৃতী আক্রমণে নিহত তৃণমূল কংগ্রেস নেতা দুলাল সরকারের স্ত্রীর সঙ্গেও আজ কথা বলেন।

পরে জেলারই মহদীপুর এলাকায় ভারত বাংলাদেশ সীমান্তে সার্বিক পরিস্থিতি ঘুরে দেখেন তিনি। কথা বলেন, সেখানকার রপ্তানি কারক সংস্থার কর্মকর্তাদের সঙ্গেও।

-----------------

জাল আধার কার্ড চক্রের মূল পান্ডাকে বারাসাত থানার পুলিশ পুরী থেকে গ্রেপ্তার করেছে। রূপক মন্ডল নামে ঐ ব্যক্তিকে জেরা করে আরও চারজনের হদিশ মিলেছে। এদের মধ্যে দুজন বাংলাদেশি নাগরিক – শিখা দাস ও তার মেয়ে শর্মী। জাল ভোটার ও আধার কার্ড নিয়ে তারা বারাসাতের নবপল্লীতে বাস করছিলেন বলে পুলিশ জানিয়েছে। ধৃত পাঁচজনকে আজ বারাসাত আদালতে তোলা হলে সাত দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়।

-----------------

নদীয়ার হাঁসখালি থানার পুলিশ বিশেষ অভিযান চালিয়ে তিন বাংলাদেশী অনুপ্রবেশকারীকে গ্রেপ্তার করেছে। অভি মিঞা, সুজ্বল মিঞা এবং তানিয়া আখতার নামে ধৃত তিনজনকে জিজ্ঞাসাবাদ করে দালাল চক্রের সঙ্গে জড়িত আর এক ব্যক্তি সরিফুল মন্ডলকে গ্রেপ্তার করা হয়। দীর্ঘদিন ধরে এই তিন বাংলাদেশী ভারতে বসবাস করছিল। আজ তাদের রানাঘাট বিচার বিভাগীয় আদালতে তোলা হলে একজনকে ১০

দিবের পুলিশ হেফাজতে পাঠানো হয়। বাকিদের জেল হেফাজতে পাঠানোর নির্দেশ দিয়েছেন বিচারক।

----------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , আগামী রবিবার ১৯ শে জানুয়ারী আকাশবাণীতে 'মন কি বাত'-অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১১৮তম পর্ব।

টোল ফ্রি নম্বর ১৮০০-১১-৭৮০০-তে ফোন করে জনগণ তাদের মতামত ও পরামর্শ জানাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ বা মাই গভ ওপেন ফোরামের মাধ্যমে অনলাইনেও তা আজ পর্যন্ত জানানো যাবে।

অনুষ্ঠানটি সকাল ১১ টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সব কটি প্রচার তরঙ্গ, এআইআর নিউজ ওয়েবসাইট এবং নিউজ অন এআইআর মোবাইল অ্যাপে সম্প্রচার করা হবে। এআইআর নিউজ, ডিডি নিউজ, পিএমও এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলগুলিতেও সরাসরি তা শোনা যাবে। আকাশবাণীতে হিন্দি ভাষায় সম্প্রচারের ঠিক পরেই আঞ্চলিক ভাষায় তা সম্প্রচারিত হবে। রাত আটটায় আঞ্চলিক ভাষার তর্জমা পুনঃ প্রচারিত হবে।

----------------

কলকাতার গার্ডেনরিচ জল প্রকল্পে পাইপলাইন সংযোগ, পাইপ লাইন মেরামতি এবং অন্যান্য যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণের কাজের জন্য আগামীকাল ১৮ জানুয়ারি , কলকাতা পুরসভার সংযোজিত এলাকা সহ দক্ষিণ কলকাতার প্রায় সব অংশেই জল সরবরাহ বন্ধ থাকবে।

পুরসভা সূত্রে জানা গেছে আগামীকাল  সকাল ন'টা থেকে রবিবার সকাল ছ টা পর্যন্ত জল সরবরাহ বন্ধ থাকবে।

পুরসভার তরফ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে,  সংযোজিত এলাকা যাদবপুর,  জোকা,  বেহালা পর্ণ শ্রী, সিরিটি, দাশ পাড়া, কালীঘাট,  গান্ধী ময়দান , গলফ গ্রিন ,মেটিয়া বুরুজ ,কসবা সহ দক্ষিণ কলকাতার প্রায় সর্বত্র এবং বজ বজ ও মহেশ তলার কিছু অংশে  এই সময়  জল সরবরাহ  হবেনা।

রবিবার সকাল ৬ টার পর  থেকে আবার সমস্ত এলাকায় জল সরবরাহ  চালু হবে।

-----------------

দক্ষিণ কলকাতার বাঘাযতীনে ফ্ল্যাট বাড়ি ভেঙে পড়ার ঘটনায় ধৃত প্রোমোটার সুভাষ রায়কে তিনদিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। তাকে আজ কলকাতায় আদালতে তোলা হয়।

আগেই জানানো হয়েছে, পুলিশ গতকাল বকখালির একটি রিসর্ট থেকে সুভাষকে গ্রেপ্তার করে। ঐ ঘটনার পর থেকেই তিনি পলাতক ছিলেন। মোবাইল ফোনের টাওয়ার ট্র্যাক করে কলকাতা পুলিশ তার হদিশ পায়।

-----------------

উত্তর ২৪ পরগনার পানিহাটির মহাজাতি নগর এলাকায় নির্মীয়মান আবাসনের একাংশ গতরাতে ভেঙে পড়ে। অল্পের জন্য আজ প্রাণ বাঁচেন পথচলতি মানুষজন। খবর পেয়ে খড়দহ থানার পুলিশ ও পানিহাটি পুরসভার চেয়ারম্যান মলয় রায় ঘটনাস্থলে গিয়ে আবাসন নির্মানের কাজ বন্ধ করে দেয়। তবে প্রমোটারের পক্ষ থেকে কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

এদিকে, কলকাতার বাঘাযতীনে আবাসন হেলে পড়ার পর পানিহাটির এই ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে।

----------------

দক্ষিণ ২৪ পরগনার উস্তির দেউলাতে বাড়ির দেওয়াল চাপা পড়ে ৫ বছরের এক শিশু কন্যার আজ মৃত্যু হয়েছে। তার ৮ বছরের দিদিকে প্রথমে ডায়মন্ডহারবার মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। পরে অবস্থার অবনতি হওয়ায়, তাকে স্থানান্তরিত করা হয়েছে কলকাতার চিত্তরঞ্জন হাসপাতালে। তার অবস্থা আপাতত স্থিতিশীল বলে হাসপাতাল সূত্রে জানা গেছে।

আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, স্থানীয় বাসিন্দা বরুণ মন্ডলের দুই মেয়ে অঙ্কিতা ও অনুষ্কা দোতলার খোলা অংশে দেওয়ালের সঙ্গে কাপড় বেঁধে দোলনা বানিয়ে খেলছিল, সে সময় দেওয়ালের একটি পাশ হুড়মুড় করে ভেঙে পড়ে। ইটের তলায় চাপা পড়ে যায় দুজনে। তড়িঘড়ি উদ্ধার করে তাদের হাসপাতালে নিয়ে যাওয়া হলে ছোটো বোন অনুষ্কাকে মৃত ঘোষণা করেন চিকিৎসক।

----------------

রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর স্মৃতিতে নির্মীয়মান জ্যোতি বসু সেন্টার ফর সোশ্যাল স্টাডিজ এন্ড রিসার্চ এর প্রথম পর্যায়ে ভবনের আজ উদ্বোধন হয়েছে নিউটাউনে। সিপিআইএম এর পলিটব্যুরো সদস্য ও কেন্দ্রীয় কমিটির কো-অর্ডিনেটার প্রকাশ কারাত, এর উদ্বোধন করেন। তিনি বলেন,

বাইট

----------------

এখন মহাকুম্ভের খবর - ইনসার্ট

পশ্চিমবঙ্গ থেকে বহু পূন্যার্থী যাচ্ছেন মহাকুম্ভ মেলায়।তাদের আরো ভালো চিকিৎসা পরিষেবা প্রদান করতে সরকার বিশেষ ব্যবস্থা নিয়েছে। প্রয়াগরাজ মেলা কর্তৃপক্ষ মেলা প্রাঙ্গণের প্যারেড গ্রাউন্ডে ১০০ শয্যার সেন্ট্রাল হাসপাতাল তৈরি করেছে। এছাড়াও, সংক্রামক রোগের চিকিৎসায় দুটি হাসপাতাল রয়েছে।

-----------------

জামশেদপুরের জে আর ডি টাটা স্পোর্টস কমপ্লেক্সে আজ সন্ধ্যায় আইএসএল ফুটবলে মোহনবাগান সুপারজায়ান্ট, জামশেদপুর এফসির মুখোমুখি হয়েছে। শেষ পাওয়া খবর অনুযায়ী মোহনবাগান ১-০ গোলে এগিয়ে আছে।

---------------- -----------------